# আমাদের পাতার জায়গা কম

দুলে ওঠে সর্বশেষ সোনালি ফসল
যা তুলেছি ঘন ঘন ঘরের প্রহরে
জ্বলে স্রোত জ্বলে নির্মোহ বাতাবি আলো
দুলে ওঠে সর্বশেষ জীবনের ঘোর।

এ কঠিন আবরণ ভেদ করে লোহার
চাদর বেড়া দিয়ে সিংহ শাবক
ফিরে আসছে আজ গোয়ালঘরে
তার জন্য কোথাও পাতা হয় লজ্জা

কোথও সুখ শুয়ে থাকে নির্ভয়ে
কামুক পাথর একা একা পুকুরের
ঘাটে পড়ে থাকে, গ্রামীণ কিশোরীর
আবছা আলতা শুঁকে নেবে বলে

আমাদের সীমিত খেলা মনোরম
আমাদের বাতাসে সোনালি ফসল
ভয় ভয় খেলার শেষে পড়ে থাকে

শূন্য বাসস্টপ, ভাঙ্গা বেড়া, পুরোন
বাড়ির ছাদে একা বসে থাকা চিল ।।

সমরেশ মণ্ডল

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com